শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-০৩ তারিখ: ২৮ পৌষ ১৪২৮ / ১২ জানুয়ারি ২০২২

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২২ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২০-০১-২০২২ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

১২/০১/২২
(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ............................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ......................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-০৩ তারিখ: ২৮ পৌষ ১৪২৮ / ১২ জানুয়ারি ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

১২/০১/২২
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

উপস্থিত উপজেলা মন্ডলী:

১. জনাব মো: জাহিদুর রহমান
মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা → [signature]
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ → [signature]
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ: প: → [signature]
৫. জনাব মোছা: আরজিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১ → [signature]
৬. জনাব মোছা: নুরজাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ → [signature]
৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ → [signature]
৮. জনাব মোছা: গোলেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ → [signature]

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ. পি. → [signature]
২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ. পি. → [signature]
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ. পি. → [signature]
৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ. পি. → [signature]
৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ. পি. → [signature]
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ. পি. → [signature]
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ. পি. → [signature]
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ. পি. → [signature]
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ. পি. → [signature]
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ. পি. → [signature]

তারিখ: ২০-০৬-২০২২
সময়: ১০-০০টা

২৭

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১) | মো: [illegible] এসি ল্যান্ড | |
| ২। | ডা: অমল কুমার রায় ULO | |
| ৩। | মো: [illegible] মোশাররফ SUFO | |
| ৪। | মো: জুলফিকার আলী UYDO | |
| ৫। | নাজিয়া আকতার UFPO | |
| ৬। | সাদিদা আফরোজ DPHE পক্ষে | সাদিদা |
| ৭। | এস এম রবিউল ইসলাম USSO | |
| ৮। | মো: [illegible] UE. | |
| ৯। | এ আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | |
| ১০ | মো: সেলিম, অফিস সহকারী কাম কম্পিউটার, উপজেলা নির্বাচন অফিস (প্রতিনিধি) | |
| ১১। | রাজেন্দ্র নাথ রায় UAO | |
| ১২। | মো: [illegible] ইসলাম OEO | |
| ১৩। | এস, এম জসীম উদ্দিন UDF | |
| ১৪। | সুনিল চন্দ্র রায় USO Pirgonj | |
| ১৫। | মো: তরিকুল ইসলাম PIO | |
| ১৬। | মো: জিয়াউল [illegible] UCO | |
| ১৭। | মো: আশরাফ আলী, হি: র: কো: প্রি: এম উপজেলা মহিলা অফিস | |
| ১৮। | মো: সাহিদ সুলতান (ইউ. আই) | |
| ১৯। | মো: [illegible] সহ: প্রো: [illegible] | |
| ২০ | মো: [illegible] [illegible] | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর জানুয়ারি, ২০২২ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২০-০১-২০২২ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১০:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার শুরুতে ইংরেজী নবর্বষ ২০২২ খ্রিঃ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৪৯,৭৩৯ জন, (২) মোট গ্রহণকারী- ৩৮,৯৮৪ জন, (৩) খাবার বড়ি - ৬,৩৮৬ (৪) কনডম- ৫,৫৪৯ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮৯৪ (৬) আইইউডি- ৪৩ (৭) ইমপ্ল্যানন- ৮৫ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০৯ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৬ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৭৬১ জন (১১) ইসিপি- ২৩ (১২) মিসোপ্রোস্টল- ৪৬০ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৩৮% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে। ২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ। ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি মৌসুমে মাঠে দন্ডায়মান ফসল বিশেষ করে গম, ভূট্টা, সরিষা ও রবি শাকসবজির অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। এ বছর গম ১০,৬০০ হে: ও আলু ৪,১৫০ হে: আবাদ হয়েছে। এ মৌসুমে শীতকালীন শাকসবজি কর্তণ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। ফলন সন্তোষজনক। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় ২০২০-২১ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের কর্মকান্ড বাস্তবায়ন শেষ হয়েছে। ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের কর্মকান্ড বাস্তবায়ন শুরু হয়েছে। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৫,৪৩০ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২৬,৯০০ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ১,০৪,৪৪০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৪২,৫০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,২৮৭ টি<br>৬। প্রশিক্ষণ = ০০<br>৭। উঠান বৈঠক = ৫ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহন কারীর সংখ্যা = ৬১ জন<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১৮ টি<br>১০। দুধ উৎপাদন = ৩৮৩.৬৭ মেঃ টনঃ<br>১১। মাংস উৎপাদন = ২৫৫১.৫৫ মেঃ টনঃ<br>১২। ডিম উৎপাদন = ০.০২৪৭৭ টি। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি ২০২২ মাসে ১৭ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০২ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ঠাকুরগাঁও সুগার মিলের বর্জ্য যাতে টাংগন নদীতে নিক্ষেপ করা না হয়, সেজন্য উপজেলা প্রশাসনকে আগাম প্রয়োজনীয় পদক্ষেপ নিতে অনুরোধ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড ১৯ ভ্যাকসিন ১ম ডোজ ১২-১৮ বছর প্রায় সকল শিক্ষার্থী (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) টিকা গ্রহণ সম্পন্ন হয়েছে। টিকা কার্ডে উল্লেখ তারিখে ২য় ডোজ ভ্যাকসিন গ্রহণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। ২০২২ খ্রিঃ সালের স্কুল, মাদ্রাসা ও কারিগরি স্তরের সকল পাঠ্যপুস্তক প্রতিষ্ঠানের মাঝে বিতরণ সম্পন্ন হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক অনলাইন ক্লাসসহ সকল নির্দেশনা মেনে প্রতিষ্ঠান চলার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নতুন বছরের প্রথম সভায় নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের স্বাগত জানিয়ে প্রাথমিক শিক্ষায় সহযোগিতা করার জন্য আহ্বান জানান। নিজ নিজ এলাকার বিদ্যালয়গুলো মনিটরিং করার জন্য অনুরোধ করেন। প্রতিদিন দুইটি করে ক্লাস চলমান রয়েছে। গুগল মিটের মাধ্যমে ক্লাস পরিচালনার যে নির্দেশনা ছিল তা অব্যাহত আছে। এছাড়াও পাঠ-পরিকল্পনা অনুযায়ী শিশুদের বাড়ির কাজ দেওয়া হচ্ছে। শিশুরা বাড়ির কাজ সম্পন্ন করলে শিক্ষকগণ মূল্যায়ন করতঃ শিক্ষার্থীর প্রোফাইলে সংরক্ষণ করছেন।<br>করোনার সময়েও বিভিন্ন কার্যক্রমে বিদ্যালয়ের মনিটরিং ব্যবস্থা চালু আছে। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে।<br>২০২২ শিক্ষা বর্ষের জন্য শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল বই পাওয়া গেছে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই দেওয়া হয়েছে। কেজি স্কুলকেও দেওয়া হয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে ক্ষুদ্র মেরামত বাবদ ৬৫ টি বিদ্যালয়ে প্রতিটিতে দুই লক্ষ টাকা করে, রুটিন মেরামত বাবদ ১১৯ টি বিদ্যালয়ে ৪০,০০০/- টাকা করে এবং ওয়াস ব্লক বাবদ ১২ টি বিদ্যালয়ে ২০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। পরিশেষে তিনি বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার জন্য আরও অতিরিক্ত ২৩৫ জনের বরাদ্দ পাওয়া গেছে। তিনি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ অপেক্ষামান তালিকা থেকে তালিকা প্রণয়ন করে প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>চাল ৪৬৩০.৬৩৪ মে:টন ও খালি বস্তা ৬৮,২১৮ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল ৭৪০.৪৮৪ মে:টন, ধান ১০১.০০০ মে:টন, গম ১৯৩.২৭৩ মে:টন ও খালি বস্তা ৯,০৪২ খানা।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর কাজ শুরু হয়েছে। কাবিখা/টিআর এর কাজ চলমান রয়েছে। বীর নিবাস এবং ভূমিহীন ও গৃহহীনদের বাস গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২২ খ্রি: অর্থ বছরে এইচবিবিকরণের ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে। অতি শীঘ্রই কাজ শুরু হবে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ: সহকারী প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অশ্রয়ণ প্রকল্পে ৩৫ টি পানির উৎস স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অশ্রয়ণ প্রকল্পে নতুন ৪১ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ১৩০ টি। ইতোমধ্যে ২০২০-২০২১ খ্রি: অর্থ বছরের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি । বিগত মাসে ৪২ টি বর্তমান মাসে ১৬ টি মোট ৫৮ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকি কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলি ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ১৬ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে।<br>উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে অডিট ফি রাজস্ব ৬৮,৬৮০/- টাকা এবং সরকারি ভ্যাট ১০,৫০২/- | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৮৩,৬৫০/- টাকা ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান, জনগাঁও আশ্রয়ণ প্রকল্প ফেইজ- ২ প্রকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ আকারে বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত মোট আদায়ের পরিমাণ ৯,৭৮,২১০/- টাকা, সার্ভিস চার্জ ৭৮,৩৯০/-। আদায়ের শতকরা হার ৬৫%। তিনি বলেন, অনাদায়ী টাকা আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায় ১৫,২৭,৭১৫/-, ক্রমপুঞ্জিত আদায় ১৫,১২,৯৭,৮৩৮/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ১৫,১২,৯৭,৮৩৮/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৫৫ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৭৭,৯৩,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩৬৩ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৬,৭৯৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ২৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬৪৩ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>১। ০৩ (তিন) টি অস্থায়ী ফসলের হিসাব নিরূপন।<br>২। উপজেলা অর্ন্তগত ০৫ (পাঁচ) টি দাগগুচ্ছ হতে আলু ফসল নমুনা কর্তণ তালিকা প্রস্তুত।<br>৩। উপজেলা অর্ন্তগত ৩২ টি দাগগুচ্ছ হতে ১ম পর্ব তথ্য সংগ্রহ।<br>৪। সমগ্র উপজেলায় আলু ফসলের ২য় পূর্বাভাস জরিপ (অংশ-২)<br>৫। সমগ্র উপজেলায় ১০ জন কৃষক অথবা কৃষি দিন মজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি দিনমজুরের হার নিরূপন।<br>৬। পরিবেশ সংরক্ষণ ব্যয়, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা জরিপ ২০২১ কাজ চলমান। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ফসলের নমুনা সংগ্রহের ক্ষেত্রে কৃষি বিভাগের সাথে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বিট বন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | এসএফপিসি, পীরগঞ্জ। |
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৪র্থ ও ৫ম পর্যায়ের সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানদেরকে অনুরোধ জানান। আগামী ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ মাসের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উক্ত বিষয়ে সকলে আলোচনা করেন এবং জরুরী ভিত্তিতে সিডিউল করে প্রশিক্ষণ শেস করার জন্য উপজেলা নির্বাহী অফিসার সকলকে তাগিদ দেন। | সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/দপ্তর প্রধান/ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২৪ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর পীরগঞ্জ উপজেলার ৫ম পর্যায়ের (২০২০-২০২১) ৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। তবে "হাজিপুর ইউনিয়নের বোর্ডেরহাট এবং সৈয়দপুর ইউনিয়নের পানিহাটা হিন্দু পাড়ায় জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্প (আইডি নম্বর: INF-২০২০-২০২১-৫৫৯৪৮২-০২)" বাস্তবায়ন পর্যায়ে প্রাক্কলন ও ডিজাইন পর্যালোচনা করে দেখা যায় যে,ডিজাইনে ১২ এমএম ডায়ার রডের উল্লেখ রয়েছে। কিন্তু ভুলবশত: প্রাক্কলনে ১০ এম এম রডের Unit Weight ব্যবহার করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কলিত বাজেট - ৮৮৬৩৭১.০০ টাকা এবং ঠিকাদারের সাথে চুক্তিমূল্য - ২৫৯৭৭৩৩.৯০ টাকা।<br>প্রকল্পের ধরন ও ডিজাইন অনুয়ায়ী ১২ এম এম ডায়ার রড ব্যবহার করা প্রয়োজন। তাই প্রকল্প প্রাক্কলন ও ডিজাইন সংশোধন করা প্রয়োজন। এক্ষেত্রে পুর্বের প্রাক্কলন ও ডিজাইন থেকে Total Cement Concrete বাদ,Top Slab thickness 200 mm পরিবর্তে 150mm, Top Slab Reinforcement 12mm dia 125 mm c/c বদলে 150 mm c/c করা হয়েছে। তাছাড়া পানিহাটা হিন্দু পাড়াতে 162.10m length এর পরিবর্তে 160.350m length করা হয়েছে। তিনি আরো জানান যে, সংশোধিত প্রাক্কলন ও ডিজাইনে ঠিকাদারের সাথে নির্ধারিত চুক্তি মূলের বাজেট সীমার কোন পরিবর্তন হয়নি। নির্ধারিত চুক্তি মুল্যের ২৫৯৭৭৩৩.৯০ টাকা বাজেট সীমার মধ্যে প্রকল্প প্রাক্কলন ও ডিজাইন সংশোধন করা হয়েছে। অতঃপর তিনি সংশোধিত প্রাক্কলন ও ডিজাইন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে "হাজিপুর ইউনিয়নের বোর্ডেরহাট এবং সৈয়দপুর ইউনিয়নের পানিহাটা হিন্দু পাড়ায় জলাবদ্ধতা নিরসনের জন্য আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্পের (আইডি নম্বর: ২০২০-২০২১-৫৫৯৪৮২-০২)" সংশোধিত প্রাক্কলন ও ডিজাইনের অনুমোদন প্রদান করা হয়। জরুরী ভিত্তিতে ইউজিডিপি ঢাকা অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, ইউডিএফ পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, ইংরেজী নববর্ষ ২০২২ খ্রিঃ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, ইংরেজী নববর্ষ ২০২২ খ্রিঃ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, ইংরেজী নববর্ষ ২০২২ খ্রিঃ এর শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আখতারুল ইসলাম)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-০৫(৫০)

তারিখ: ০৬ মাঘ ১৪২৮ / ২০ জানুয়ারি ২০২২

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...........................................................।

২০/০১/২০২২

**(মোঃ রেজাউল করিম)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**